দৈনিক
ইত্তেফাক

তারিখ : 02 NOV 2016
পৃষ্ঠা ৬ কলাম ৬

# আজ থেকে ৭ দিন শিক্ষার্থীদের ক্লাস বর্জন ঘোষণা

## রাবির সাংবাদিকতা বিভাগ

■ রাবি সংবাদদাতা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক আকতার জাহান জলি ও শিক্ষার্থী মোতালেব হোসেন লিপুর মৃত্যুর সুষ্ঠু তদন্ত ও বিচার দাবিতে গতকাল মঙ্গলবার দুপুরে সাতদিনের ক্লাস বর্জন কর্মসূচির ঘোষণা দিয়েছে বিভাগের শিক্ষার্থীরা। আজ ২ নভেম্বর থেকে আগামী ৮ নভেম্বর পর্যন্ত এ কর্মসূচি চলবে। তবে পরীক্ষা এ কর্মসূচির আওতামুক্ত রাখা হয়েছে।

সাংবাদিকর্তা বিভাগের ২৩তম ব্যাচের শিক্ষার্থী জুলহক জুয়েল বলেন, 'আমাদের শিক্ষক আকতার জাহান ও শিক্ষার্থী লিপুর মৃত্যুর তদন্তে সন্তোষজনক অগ্রগতি না হওয়ায় আমরা হতাশ। তবে সুষ্ঠু তদন্তের মাধ্যমে দোষীদের শাস্তি নিশ্চিত না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাবো।'

এদিকে, লিপু হত্যার বিচার দাবিতে বিভাগের বেঁধে দেওয়া সাত দিনের আল্টিমেটাম শেষে আজ বুধবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের সামনে বিক্ষোভ মিছিল ও গণ জমায়েতের আয়োজন করেছে বিভাগ। এর আগে মানববন্ধন, শোভাযাত্রা, প্রদীপ প্রজ্বালন, গণস্বাক্ষর, পথনাটক, গণসঙ্গীতসহ বিভিন্ন কর্মসূচি পালন করে বিভাগের শিক্ষার্থীরা। এসব আন্দোলনে বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা সংহতি প্রকাশ করেন।

প্রসঙ্গত, ২০ অক্টোবর নবাব আব্দুল লতিফ হলের ড্রেন থেকে লিপুর লাশ উদ্ধার করে পুলিশ। ওইদিন বিকালে লিপুর চাচা বাদী হয়ে নগরীর মতিহার থানায় অজ্ঞাতনামাদের আসামি করে হত্যা মামলা দায়ের করেন। এর আগে গত ৯ সেপ্টেম্বর শিক্ষক জলির লাশ নিজ কক্ষ থেকে উদ্ধার করে পুলিশ। পরদিন মতিহার থানায় আত্মহত্যায় প্ররোচনার মামলা দায়ের করেন জলির ভাই কামরুল হাসান; কিন্তু তার দেড় মাস পরেও ময়নাতদন্ত ও ভিসেরা রিপোর্ট দিতে পারেনি পুলিশ।